



গবি শিক্ষার্থীকে মারধর, নীলাচল পরিবহনের ৫ বাস আটক



ছবি: প্রতিনিধি

সাভারের গণ বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থীকে মারধর ও অসদাচরণের অভিযোগে ‘নীলাচল পরিবহন’-এর পাঁচটি বাস আটকে দিয়েছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। বুধবার (৮ এপ্রিল) সকাল প্রায় ৯টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক (বাইশ মাইল) সংলগ্ন ঢাকা-আরিচা মহাসড়ক থেকে বাসগুলো আটক করে ক্যাম্পাসে নিয়ে আসা হয়। জানা গেছে, ভুক্তভোগী শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান ও সমাজকর্ম বিভাগের ২৫তম ব্যাচের শিক্ষার্থী। মঙ্গলবার (৭ এপ্রিল) ধানমন্ডি থেকে ক্যাম্পাসে ফেরার সময় তিনি নীলাচল পরিবহনের একটি বাসে ওঠেন। গন্তব্য অনুযায়ী বাইশ মাইলে নামতে চাইলে বাসের হেলপার তাকে সেখানে নামাতে অস্বীকৃতি জানিয়ে নবীনগরের নিরিবিলি এলাকায় নামতে বলেন। এ নিয়ে দু’পক্ষের মধ্যে বাকবিতণ্ডা শুরু হয়। ভুক্তভোগীর অভিযোগ, ভাড়া দেওয়া ও নির্ধারিত স্থানে না নামানো নিয়ে কথা কাটাকাটির একপর্যায়ে হেলপার তার সঙ্গে দুর্ব্যবহার করেন এবং পরে তাকে জোর করে বাস থেকে নামিয়ে দেন। তিনি আরও জানান, ধানমন্ডি থেকে ৪০ টাকা ভাড়া দেওয়ার পরও তাকে নির্ধারিত স্থানে নামানো হয়নি। বরং জোর করে অন্যত্র নামানোর চেষ্টা করা হলে প্রতিবাদ করলে গালিগালাজ ও শারীরিকভাবে হেনস্তার শিকার হন। অন্যদিকে, বাসচালক মুঠোফোনে জানান, ভাড়া নিয়ে হেলপারের সঙ্গে শিক্ষার্থীর কথা কাটাকাটি হয়। একপর্যায়ে পরিস্থিতি উত্তপ্ত হলে শিক্ষার্থী হেলপারকে টেনে নামান এবং পরে অন্যান্য যাত্রীরা বিষয়টি নিয়ন্ত্রণে আনেন। ঘটনার পর মানিকগঞ্জ বাস-মালিক সমিতির সভাপতি ও নীলাচল পরিবহনের সংশ্লিষ্ট কর্মকর্তা মহিবুর রহমান শিপন ক্যাম্পাসে এসে বলেন, শিক্ষার্থীদের কাছ থেকে অর্ধেক ভাড়া নেওয়া হয় এবং অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হয়। তবে অনেক স্টাফের আচরণ নিয়ে সমস্যা আছে বলেও তিনি স্বীকার করেন। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও সহকারী অধ্যাপক কনক চন্দ্র রায় বলেন, ঘটনাটি অনাকাঙ্ক্ষিত। শিক্ষার্থীরা বিচার দাবিতে বাস আটক করেছে। বিষয়টি সমাধানে বাস মালিকদের সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।